

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৭২০

কমলপুর, ১৮ নভেম্বর, ২০২০

দুর্গাচৌমুহনী ব্লকভিত্তিক যুব উৎসব

কমলপুর মহকুমার দুর্গাচৌমুহনী ব্লকভিত্তিক যুব উৎসব গতকাল মানিক ভান্ডার মৈত্রী ভবনে অনুষ্ঠিত হয়। উৎসবের উদ্বোধন করেন বিধায়ক মনোজ কান্তি দেব। উপস্থিত ছিলেন দুর্গাচৌমুহনী পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান তাপস পাল, বিএসি চেয়ারম্যান দেবপ্রসাদ দেববর্মা, মানিকভান্ডার গ্রামপঞ্চায়েতের প্রধান রাজদীপ ঘোষ প্রমুখ। স্বাগত বক্তব্য রাখেন যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের সহঅধিকর্তা ধীমান বিশ্বাস। সভাপতিত্ব করেন দুর্গাচৌমুহনী পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সম্পা দাস। এদিন যুব উৎসবে ব্লক এলাকার ১৫ থেকে ২৯ বছর বয়সী যুবক যুবতীরা বিভিন্ন বিষয়ে প্রতিযোগিতায় অংশগ্রহণ করে। সমবেত লোকনৃত্য প্রতিযোগিতায় ৩টি দল, সমবেত লোক সঙ্গীতে ৩টি দল, একক সঙ্গীতে ৯ জন এবং পেইন্টিং এ ৪ জন অংশগ্রহণ করেন। সমবেত বিভাগ থেকে একটি দল ও ব্যক্তিগত বিভাগ থেকে একজনকে জেলাভিত্তিক প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য নির্বাচিত করা হয়। উল্লেখ্য ধলাই জেলাভিত্তিক যুব উৎসব আগামী ২০ নভেম্বর মনু কমিউনিটি হলে অনুষ্ঠিত হবে।
